ফ্যাক্স/ ইমেইল বার্তা

প্রাপক : পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
প্রেরক : বাংলাদেশ দূতাবাস, আংকারা
নং : ১৯.০১.৯০০১.১০০.০১.০০৪.২৩/ ২৫
তারিখ : ১৬ ফেব্রুয়ারি ২০২৫
বিষয়: তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষে 'বাংলাদেশ দূতাবাস, আংকারা' কর্তৃক গৃহিত কার্যক্রমের প্রতিবেদন দাখিল

পরিচালক (পাবলিক ডিপ্লোম্যাসি) এর নিকট প্রথম সচিব হতে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের ফ্যাক্স বার্তা নং ১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২/১৮, তারিখ ২০ নভেম্বর ২০২৪ এবং ফ্যাক্স বার্তা নং ১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২/৪৫, তারিখ ১২ ফেব্রুয়ারি ২০২৫ মোতাবেক বাংলাদেশ দূতাবাস, আংকারা, তুরস্ক কর্তৃক তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপনের লক্ষে নিম্নবর্ণিত কর্মসূচীসমূহ গ্রহণ করা হয়।

ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা			অংশগ্রহণকারীর সংখ্যা			অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব
	নারী	পুরুষ	মোট	নারী	পুরুষ	মোট	
কাপাদোকিয়া ইউনিভার্সিটি তুরস্কে 'বাংলাদেশ পাবলিক ডিপ্লোম্যাসি এবং ফরেন পলিসি বিষয়ক' সেমিনার ও আলোচনা সভা। তারিখঃ ২৭ ডিসেম্বর ২০২৪	কাপাদোকিয়া ইউনিভার্সিটির রেক্টর, ইন্টারন্যাশনাল কোর্ডিনেটরের সাথে বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে শিক্ষা ক্ষেত্রে সহযোগিতা বিষয়ক আলোচনা হয়। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে স্নাতক ও মাস্টার্স পর্যায়ের ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে বাংলাদেশের পাবলিক ডিপ্লোম্যাসি এবং ফরেন পলিসি বিষয়য় একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে শতাধিক ছাত্র-ছাত্রী (৬০/৪০) উপস্থিত ছিলেন। তাঁরা বাংলাদেশের জুলাই-আগস্ট অভ্যুত্থান বিষয়ে জানতে আগ্রহ প্রকাশ করলে, মান্যবর রাষ্ট্রদূত এম আমানুল হক তাঁদের সে বিষয়ে বিস্তারিত অবহিত করেন।			৫০ জন	৭০ জন	১২০ জন	উক্ত অনুষ্ঠানে কাপাদোকিয়া ইউনিভার্সিটির রেক্টর উপস্থিত ছিলেন যিনি তুরস্কে একজন বিশিষ্ট থিংক ট্যাংক হিসেবে পরিচিত। এছাড়া উক্ত ইউনিভার্সিটির বিভিন্ন ডিপার্টমেন্টের প্রফেসরগণ উপস্থিত ছিলেন।
তুরস্কের গাজিআন্তেপ শহরে	গাজিআন্তেপের বাংলাদেশ অনারারি কনসাল, ব্যাবসায়ী প্রতিনিধি, বাংলাদেশ কমিউনিটি (মেজরিটি তরুন এবং ছাত্র-ছাত্রী) এবং তুরস্কের তরুনদের উপস্থিতিতে উক্ত আলোচনাসভায়			২০ জন	৫০ জন	৭০ জন	বাংলাদেশের অনারারি কনসাল Mr. Erdal Özdemir এবং তাঁর ব্যবসায়িক অংশীজন,

দূতাবাস এবং গাজিআন্তেপের অনারারি কনসাল এর যৌথ উদ্যোগে বাংলাদেশ কমিউনিটি, তুরস্ক ও বাংলাদেশের তরুন, ও ছাত্র-ছাত্রীবৃন্দ দিয়ে আলোচনাসভা ও নৈশভোজ তারিখঃ ২৪ জানুয়ারি ২০২৫	বক্তৃতা রাখেন মান্যবর রাষ্ট্রদূত, দূতাবাসের কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ কমিউনিটির প্রতিনিধিগণ। এক বৈষম্যহীন, সমৃদ্ধ, উন্নত বাংলাদেশ গড়তে প্রবাসীদের ভুমিকা নিয়ে আলোচনা করা হয় এবং এক্ষেত্রে ভাতৃপ্রতীম রাষ্ট্র তুরস্কের ভূমিকা নিয়ে আলোচনা হয়। অনুষ্ঠানে সর্বমোট ৭০ জন নারী-পুরুষ উপস্থিত ছিলেন।				বাংলাদেশের কমিউনিটি নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
আংকারা বিলিম ইউনিভার্সিটিতে 'ইসলামোফোবিয়া' নিয়ে ওপেন ক্লাস লেকচার তারিখঃ ১১ ফেব্রুয়ারি ২০২৫	শান্তির ধর্ম ইসলামের বিরুদ্ধে বিভিন্নমহল থেকে যেসব অপপ্রচার করা হয় এবং ইসলামোফোবিয়া নামক যে ভ্রান্ত প্রচারণা রয়েছে, সে বিষয়ে বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত একটি ওপেন ক্লাস লেকচার প্রদান করেন। উক্ত লেকচারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের শতাধিক শিক্ষার্থ উপস্থিত ছিলেন। রাষ্ট্রদূত এম আমানুল হক Organization of Islamic Cooperation (OIC)-তে সুদীর্ঘ সময় ইসলামোফোবিয়া নিয়ে কাজ করার বাস্তব জ্ঞানের আলোকে শীক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন এবং এর বাংলাদেশ প্রেক্ষাপট বিষয়ে আলোচনা করেন।	৪০ জন	৭০ জন	১১০ জন	আংকারা বিলিম ইউনিভার্সিটির রেক্টর, বিভিন্ন প্রফেসরগণ, দূতাবাসের কাউন্সেলর উপস্থিত ছিলেন।

০২। এছাড়া উল্লেখ্য যে, তুরস্কের দুটি মিউনিসিপ্যালিটির সাথে বাংলাদেশ এবং তুরস্কের তরুণদের উপস্থিতিতে 'জুলাই অভ্যুত্থান ফরেস্ট' স্থাপনের সম্ভাবনা নিয়ে এবং বাংলাদেশের জনপ্রিয় খেলা ক্রিকেট তুরস্কের তরুনদের মধ্যে প্রসার করতে একটি ক্রিকেট ম্যাচ আয়োজন এবং ক্রিকেট সরঞ্জাম বিতরণ বিষয়ক আলোচনা চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

০৩। মন্ত্রণালয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১৫/02/25

(মোঃ শফিক উদ্দীন)
প্রথম সচিব


ANKARA BİLİM ÜNİVERSİTESİ
-ABİSTORE-
YAKINDA SİZLERLE!
My Dearest
Students,


ANKARA BİLİM ÜNİVERSİTESİ
-ABİSTORE-
YAKINDA SİZLERLE!
My Dearest
Students,






KAPADOKYA
ÜNİVERSİTESİ


KÜŞLEME KEBAPHAN